

“ছেলে হোক, মেয়ে হোক,  
দুটি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়  
মাদারীপুর সদর, মাদারীপুর।  
www.fpo.sadar.madaripur.gov.bd

স্মারক নং-৫৯.১১.৫৪৫৪.০০০.০০.০০১.২৫-২২৪

তারিখ: ২০.০১.২০২৫ খ্রি.

## অফিস আদেশ

এতদ্বারা মাদারীপুর সদর উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের অধীন সকল মাঠ কর্মচারীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উর্ধ্বতন কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে বিভাগীয় কাজে উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে আসবেন না। এছাড়া, সকল মাঠ কর্মচারীকে অবশ্যই অনুমোদিত অগ্রিম ভ্রমণসূচি অনুযায়ী দায়িত্ব পালন করতে হবে এবং গর্ভবতী তালিকা, অগ্রীম ভ্রমণ কর্মসূচী, এমআইএস রিপোর্ট, চেকলিষ্ট ও এপ্রোনসহ প্রয়োজনীয় সামগ্রী সঙ্গে রাখতে হবে। উপজেলা মাসিক সভায় এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবগত করা হয়। ইদানিং অনেক মাঠ কর্মচারী উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে এসেছেন বলে নিম্ন স্বাক্ষরকারীর নিকট প্রতিয়মান হয়। তাই বিভাগীয় কার্যক্রমের শৃঙ্খলার স্বার্থে উক্ত আদেশ জারি করা হলো।

উর্ধ্বতন কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে আসলে অথবা মাঠে অবস্থানকালে উক্ত সামগ্রী না পাওয়া গেলে সংশ্লিষ্ট কর্মীর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

মোহাম্মদ আবদুর রহমান

পরিচিতি নং-০৮২০২১১০০১৪৩

বিসিএস (পরিবার পরিকল্পনা)

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (অ. দা.)

মাদারীপুর সদর, মাদারীপুর।

স্মারক নং-৫৯.১১.৫৪৫৪.০০০.০০.০০১.২৫-২২৪/১(৪)

তারিখ: ২০.০১.২০২৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

১. উপপরিচালক, পরিবার পরিকল্পনা, মাদারীপুর।
২. মেডিকেল অফিসার (এম সি এইচ-এফ পি), সদর, মাদারীপুর।
৩. অফিস কপি।

মোহাম্মদ আবদুর রহমান

পরিচিতি নং-০৮২০২১১০০১৪৩

বিসিএস (পরিবার পরিকল্পনা)

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (অ. দা.)

মাদারীপুর সদর, মাদারীপুর।